

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৫৪

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৬. দেহের অভ্যন্তর ভাগ থেকে, যেমন নাক দিয়ে রক্ত নিঃসরণ, বমন, রক্তমোণ ইত্যাদি ক্ষেত্রে উযু করা সম্পর্কে

بَابٌ فِي الْوُضُوءِ مِنَ الْخَارِجِ مِنَ الْبَدَنِ كَالرُّعَافِ وَالْقَيْءِ وَالْحِجَامَةِ وَنَحْوِهِ

আরবী

حَدَّتَنَا أَبُو عُبَيْدٍ الْقَاسِمُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا مُحَمَّدُ بْنُ شُعْبَةَ بْنِ جُوَانٍ ، حَدَّتَنَا إِسْمَاعِيلُ بْنُ أَبَانَ ، نَا جَعْفَرُ الْأَحْمَرُ ، عَنْ أَبِي خَالِدٍ ، عَنْ أَبِي هَاشِمِ الرُّمَّانِيِّ بِهَذَا : أَنَّهُ رَعَفَ ، فَقَالَ لَهُ : النَّبِيُّ _ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ : " أَحْدِثْ لَهُ وُضُوءًا " . عَمْرُو الْقُرَشِيُّ هَذَا : هُوَ عَمْرُو بْنُ خَالِدٍ ، أَبُو خَالِدٍ الْوَاسِطِيُّ ، مَتْرُوكُ الْحَدِيثِ ، قَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ ، وَيَحْيَى بْنُ مَعِينٍ : أَبُو خَالِدٍ الْوَاسِطِيُّ كَذَّابُ

বাংলা

৫৫৪(২৪). আবু উবায়েদ আল-কাসেম ইবনে ইসমাঈল (রহঃ) ... আবু হাশেম আর-রুম্মানী (রহঃ) থেকে এই সনদে পূর্বোক্ত হাদীস বর্ণিত। তার নাক দিয়ে রক্ত বের হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেনঃ তুমি এজন্য পুনরায় উযু করো। আমর আল-কারশী (রহঃ) হলেন আমর ইবনে খালিদ আবু খালিদ আল-ওয়াসিতী। তিনি পরিত্যক্ত রাবী। ইমাম আহমাদ ইবনে হাম্বল ও ইয়াহইয়া ইবনে মুঈন (রহঃ) বলেন, আবু খালিদ আল-ওয়াসিতী ডাহা মিথ্যাবাদী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হাশেম আর-রুম্মানী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন